**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 6/8/2023 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল স্টেট ও জাতীয় ঐতিহাসিক স্থান নিবন্ধন তালিকার জন্য 16 মনোনয়ন ঘোষণা করলেন

***সাইটগুলি বিভিন্ন রকম ইতিহাসের প্রতিনিধি, যেমন নিউ ইয়র্ক সিটিতে একটি পুয়ের্তো রিকান কাসিটা, লগিন আইল্যান্ডে একটি ঐতিহাসিক ফায়ারহাউজ, হার্লেমে কৃষ্ণাঙ্গ শিশুদের জন্য একটি ক্যাটস্কিলস গ্রীষ্মকালীন ক্যাম্প, একজন ফিল্ম ইন্ডাস্ট্রি পথিকৃতের লেক চ্যাম্পলেইন বাড়ি, এবং ল্যাকাওয়ানাতে আওয়ার লেডি অফ ভিক্টরি ব্যাসিলিকার একটি নতুন ঐতিহাসিক জেলা***

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে নিউ ইয়র্ক স্টেটের ঐতিহাসিক সংরক্ষণ বোর্ড (New York State Board for Historic Preservation) স্টেটের ও জাতীয় ঐতিহাসিক স্থান নিবন্ধন তালিকায় (State and National Registers of Historic Places) ষোলটি সম্পত্তি যোগ করার সুপারিশ করেছে। মনোনয়নের মধ্যে রয়েছে নিউ ইয়র্ক সিটিতে একটি পুয়ের্তো রিকান কাসিটা, লগিন আইল্যান্ডে একটি ঐতিহাসিক ফায়ারহাউজ, হার্লেমে কৃষ্ণাঙ্গ শিশুদের জন্য একটি ক্যাটস্কিলস গ্রীষ্মকালীন ক্যাম্প, একজন ফিল্ম ইন্ডাস্ট্রি পথিকৃতের লেক চ্যাম্পলেইন বাড়ি, এবং ল্যাকাওয়ানাতে আওয়ার লেডি অফ ভিক্টরি ব্যাসিলিকার একটি নতুন ঐতিহাসিক জেলা।

"এই মনোনয়নগুলি নিউ ইয়র্কের উদ্ভাবন, অভিযোজন, এবং সম্প্রদায় গঠনের চেতনাকে প্রদর্শন করে যা বহু প্রজন্ম ধরে বিদ্যমান এবং এখনো আমাদের অনুপ্রাণিত করে যাচ্ছে," **গভর্নর হোকল বলেন।** "আমাদের ঐতিহাসিক নিবন্ধন তালিকায় এই সাইটগুলি যোগ করা হলে তা নিউ ইয়র্কের ইতিহাস সম্পর্কে আমাদের উপলব্ধি বিস্তৃতি করে এবং আমাদেরকে আমাদের বৈচিত্র্যময়, সামগ্রিক অতীত সম্পর্কে আরো জানতে উৎসাহিত করে।"

স্টেট এবং জাতীয় নিবন্ধন তালিকাভুক্ত হলে তা সম্পত্তিগুলি পুনরুজ্জীবিত করতে এবং সেগুলিকে বিভিন্ন সরকারি সংরক্ষণ কর্মসূচি এবং পরিষেবা, যেমন স্টেটের অনুদান এবং স্টেট ও ফেডারেল ঐতিহাসিক পুনর্বাসন কর ক্রেডিট, পাওয়ার যোগ্য করে তোলার ক্ষেত্রে সম্পত্তির মালিকদের সহায়তা করতে পারে।

**নিউ ইয়র্ক স্টেটের পার্ক, বিনোদন এবং ঐতিহাসিক সংরক্ষণ অফিসের (New York State Office of Parks, Recreation and Historic Preservation) কমিশনার এরিক**

**কুলেসিড বলেন,** "একজন নিউ ইয়র্কবাসী হওয়ার অর্থ কী তা বুঝতে সাহায্য করার জন্য আমাদের সকলের যাতে অতীতের সাথে সংযোগ থাকে তার জন্য নিউ ইয়র্কের ঐতিহাসিক বুনন সংরক্ষণ ও প্রচারের ব্যাপারে আমরা অতি উৎসুক। স্টেট এবং জাতীয় নিবন্ধন তালিকার প্রতিটি মনোনয়নের সাথে আমরা শুধু এই সাইটগুলির ভবিষ্যৎ নিশ্চিত করার ব্যাপারে সাহায্য করতে সংস্থানের ব্যবস্থা করছি না, বরং নিউ ইয়র্ক অভিজ্ঞতার আরো জটিল গল্প বলতে পারে, আমাদের এমন সাইটের ইনভেন্টরি সম্প্রসারিত করছি। মনোনয়নের এই গুচ্ছ এমন কিছু কম বলা গল্পের উপর আলোকপাত করে যা নিউ ইয়র্কবাসীদের আরো জানা উচিত এবং এটি আমাদেরকে মনে করিয়ে দেয় যে এমন অনেক গল্প বলা বাকি আছে।"

**নিউ ইয়র্ক স্টেট পার্ক, বিনোদন ও ঐতিহাসিক সংরক্ষণ অফিসের ঐতিহাসিক সংরক্ষণের ডেপুটি কমিশনার ড্যানিয়েল ম্যাকি বলেন,** "ঐতিহাসিক সংরক্ষণ বিভাগে আমরা নিউ ইয়র্কের লক্ষণীয় ঐতিহাসিক সংস্থানের সমর্থন করার ব্যাপারে প্রতিশ্রুতিবদ্ধ এবং আমরা পুরো স্টেটজুড়ে বিভিন্ন প্রকল্পে কাজ করি যার মধ্যে স্টেট ও জাতীয় নিবন্ধন তালিকার জন্য আখ্যা প্রদান রয়েছে। আমরা দেখেছি যে স্টেট ও ফেডারেল কর ক্রেডিটের সুযোগ স্থানীয় সংরক্ষণ প্রচেষ্টাকে চালিত করে এবং সকল আকারের সম্প্রদায়সমূহে বিনিয়োগের জন্য উৎসাহিত করে। ঐতিহাসিক সংস্থানকে এখন সাংস্কৃতিক এবং অর্থনৈতিক সম্পদ হিসেবে স্বীকৃতিদান করা হচ্ছে, যা ভবিষ্যতে এদের দীর্ঘদিন টিকে থাকা নিশ্চিত করবে।"

2017-2021 সালের মধ্যে মোট 4.5 বিলিয়ন মার্কিন দলের পুনর্বাসন ব্যয় দিয়ে নিউ ইয়র্ক স্টেট ঐতিহাসিক কর ক্রেডিট ব্যবহারের ক্ষেত্রে দেশের শীর্ষেই আছে। 2011 সাল থেকে, ঐতিহাসিক কর ক্রেডিট কর্মসূচিটি নিউ ইয়র্ক স্টেটে 12 বিলিয়ন মার্কিন ডলারের বেশি প্রকল্প ব্যয়কে উদ্দীপিত করেছে, যা উল্লেখযোগ্য বিনিয়োগ ও নতুন কর্মসংস্থান সৃষ্টি করেছে। একটি প্রতিবেদন অনুযায়ী, 2017-2021 সালের মধ্যকার ক্রেডিট নিউ ইয়র্ক স্টেটে 69,769টি চাকরি এবং 1.3 বিলিয়ন মার্কিন ডলার স্থানীয়, স্টেট, এবং ফেডারেল কর সৃষ্টি করেছে।

নিউ ইয়র্ক স্টেটের এবং দেশের ইতিহাস, স্থাপত্য, প্রত্নতত্ত্ব এবং সংস্কৃতিতে যে বিল্ডিং, কাঠামো, ডিস্ট্রিক্ট, ল্যান্ডস্কেপ, বস্তু এবং উল্লেখযোগ্য স্থানগুলি রয়েছে তার সরকারি তালিকা হলো স্টেট এবং ন্যাশনাল রেজিস্টারগুলি। ঐতিহাসিক স্থানের ন্যাশনাল রেজিস্টারে এককভাবে অথবা ঐতিহাসিক ডিস্ট্রিক্টের অংশ হিসেবে স্টেটের সর্বত্র 120,000-টিরও বেশি ঐতিহাসিক সম্পত্তি, তালিকাভুক্ত আছে। মনোনয়নের স্পন্সর করেছে সম্পত্তির মালিকগণ, মিউনিসিপালিটি এবং পুরো স্টেটের সম্প্রদায়সমূহের সংস্থাসমূহ।
স্টেটের ঐতিহাসিক সংরক্ষণ কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালনকারী কমিশনার একবার সুপারিশসমূহ অনুমোদিত করলে, সম্পত্তিগুলি নিউ ইয়র্ক স্টেটের ঐতিহাসিক স্থানের নিবন্ধন তালিকায় অন্তর্ভুক্ত হবে এবং এরপর জাতীয় ঐতিহাসিক স্থানের নিবন্ধন তালিকায় জন্য মনোনীত হবে, যেখানে সেগুলি পর্যালোচনা করা হবে এবং একবার অনুমোদিত হয়ে গেলে জাতীয় নিবন্ধন তালিকায় অন্তর্ভুক্ত হবে। মনোনয়নের ছবিসহ আরো তথ্য, পার্ক, বিনোদন এবং ঐতিহাসিক সংরক্ষণ অফিসের ওয়েবসাইটে পাওয়া যাবে।

**রাজধানী অঞ্চল**

**আলপাইন, গ্রিন কাউন্টি** - হ্যাইন্স ফলসের ছোট গ্রামে একটি গ্রামীণ পাহাড়ি হাইওয়ের উপর ক্যাটস্কিল মাউন্টেন্স অবস্থিত এই কুইন অ্যান ধাঁচের লজিং হাউজটি 1905 সালের দিকে নির্মিত হয়েছিলো। ভবনটি ক্যাটসকিল পর্যটন সংশ্লিষ্ট এবং বহু কৃষি পরিবারের অর্থনৈতিক একটি লাইফলাইন হওয়া ছোট, পরিবার পরিচালিত গ্রীষ্মকালীন লজিং হাউজের উদাহরণ। বোর্ডারদের থেকে পাওয়া উপার্জন শুধু ভালো ফসল না হলে মৌসুম শুরু করে দিতো না, বরং এলাকার অপেক্ষাকৃত বড় হোটেলগুলি ডিম, মাখন ও মাংস বিক্রয়েরও একটি স্থান ছিলো। অগণিত স্থানীয় পরিবার তাদের ফার্মহাউজকে সম্প্রসারিত করে বোর্ডিং হাউজে পরিণত করে এবং অন্যরা নতুন নির্মাণ করে নেয়। যদিও আলপাইন প্রথমে একটি ছোট বোর্ডিং হাউজ হিসেবে তৈরি হয়েছিলো, আলপাইন (Alpine) বাড়তি উইংস এবং একটি গ্যাম্বরেল ছাদ যোগ করার মাধ্যমে সম্প্রসারিত হয়, আরো লজারকে স্থান দেওয়ার জন্য এই দুইটি জিনিস প্রায়ই যোগ করা হতো। এসময় পঁয়ত্রিশ জন অতিথিকে স্থান দেওয়ার ধারণক্ষমতা আলপাইন হ্যাইন্স ফলসের সর্বশেষ সক্রিয় বোর্ডিং হাউজগুলির একটি ছিলো (1963পর্যন্ত) এবং এখন এটি ক্যাটস্কিল গ্রীষ্মকালীন রিসোর্ট যুগে নির্মিত ক্রমহ্রাসমান এখনো টিকে থাকা বোর্ডিং হাউজগুলির একটি।

**ক্লার্ক উইটবেক কোম্পানি গুদামঘর, স্কেনেকট্যাডি কাউন**্টি - স্কেনেকট্যাডিতে অবস্থিত ক্লার্ক উইটবেক কোম্পানি গুদামঘরটি (The Clark Witbeck Co. Warehouse) এর সম্পূর্ণ শিট মেটাল দিয়ে তৈরি ফ্যাসেডের কারণে স্থাপত্যগতভাবে গুরুত্বপূর্ণ। 1904 এর দিকে নির্মিত এই ভবন, যা অন্যথায় সাধারণ একটি গুদামঘর, তাতে যোগ করা অলংকৃত শিট মেটাল নকশা হলো এই ধরণের স্থাপত্য বৈশিষ্ট্যের একটি বিরল আঞ্চলিক উদাহরণ, যা 1870 থেকে 1930 এর মধ্যে জনপ্রিয় ছিলো। 1870 সালে স্থাপিত ক্লার্ক উইটবেক কোম্পানি ছিল একটি মুখ্য পাইকারি হার্ডওয়্যার ফার্ম যারা রেলওয়ে এবং মিল সরবরাহে বিশেষজ্ঞ ছিলো, এটি একটি নিশ বাজার যা স্কেনেকট্যাডি ভিত্তিক শিল্প কারখানার বিশাল নাম জেনারেল ইলেকট্রিক (General Electric) এবং আমেরিকান লোকোমোটিভ কোম্পানির (American Locomotive Co., Alco) সাথে ঘনিষ্ঠ ব্যবসা সম্পর্ক দ্বারা উপকৃত হয়েছিলো। কোম্পানিটির ইতিহাস একটি পরিমিত ক্যানাল টাউন থেকে একটি শিল্পখাতের পাওয়ারহাউজ হিসেবে স্কেনেকট্যাডির উল্কার মতো উন্নতির সাথে সরাসরি সম্পর্কিত যেহেতু এটি স্কেনেকট্যাডির ব্যস্ত ব্যবসাকে শিল্পকারখানার যন্ত্র ও নির্মাণ সামগ্রী প্রদান করে এবং দ্রুত বিকাশমান জনসংখ্যার কাছে খুচরা বিক্রয়ের মাধ্যমে এর সফলতা খুঁজে পেয়েছিলো। 1960 সালে ডেইলি গ্যাজেট (Daily Gazette) সংবাদপত্রটি এই গুদামঘর কিনে নেয় এবং 1990 পর্যন্ত এটিকে একটি প্রিন্টিং প্ল্যান্ট হিসেবে ব্যবহার করে। 2020-2021 সালে ভবনটিকে পুনর্বাসিত করে হাউজ অ্যাপার্টমেন্ট এবং সরকারি ইভেন্ট স্থান হিসেবে পুনরায় ব্যবহার করা হয়।

**ফেয়ারভিউ ম্যানর, কলাম্বিয়া কাউন্টি** - অ্যালোনজো ও ম্যারি ই. ফ্ল্যাক হাউজ নামেও পরিচিত ফেয়ারভিউ ম্যানর (Fairview Manor) হলো ক্ল্যাভরেকে অবস্থিত একটি বড়, দুইতলা, ইটের ম্যাসোনারি হাউজ। 1870 সালের দিকে নির্মিত হাউজটি হাডসন ভ্যালির অভিজাত নিউ ইয়র্কবাসীদের পছন্দের হাই স্টাইল স্থাপত্যের মূলভাব ধারণ করে এবং এটি হাডসন ভ্যালি মনোরম স্থাপত্য প্রসঙ্গে অতীত গুরুত্বপূর্ণ এবং স্পষ্টতই একজন মাস্টার স্থপতির কাজ। যদিও স্থপতির কোনও রেকর্ড নেই, ক্যালভার্ট ভো এর সাথে সংশ্লিষ্ট অন্যান্য হাউজের নকশার ফেয়ারভিউ ম্যানরের অনেক মিল রয়েছে, যেমন কমপ্লেক্স ম্যাসিং, অপ্রতিসম পরিকল্পনা, এবং বিস্তৃত, পরিশীলিত স্থাপত্য অলঙ্কার। অ্যান্ড্রু জ্যাকসন ডাউনিং এবং ফ্রেডেরিক ল ওমস্টেড

উভয়ের সাথে তার কাজের কারণে ভো ছিলেন 1870 এর দিকের মার্কিন যুক্তরাষ্ট্রের সবথেকে সেরা স্থপতিদের মধ্যে একজন, এবং তিনি ফ্রেডেরিক চার্চের ওলানার স্থপতি ছিলেন যা ফেয়ারভিউ ম্যানরের একই সময়ে মাত্র কয়েক মাইল দূরে নির্মিত হয়েছে। যদিও এটি 1998 সালে একটি আগুনে ক্ষতিগ্রস্ত হয়েছিলো, হাউজটিতে অনেক উল্লেখযোগ্য বৈশিষ্ট্য টিকে আছে। ভো এর স্থাপত্য রেকর্ডের সনাক্তকরণ ও নথিভুক্তকরণের জন্য উপলভ্য সীমিত সংস্থান বিবেচনা করে, ফেয়ারভিউ ম্যানরের সন্ধান, সনাক্তকরণ এবং বিশ্লেষণ - এটি আরেকটি অভ্যন্তরীণ নকশা, যা খুব সম্ভবত ভো - প্রভাবশালী এই আমেরিকান স্থপতির বৃত্তিতে একটি মুখ্য অবদানকে চিহ্নিত করে।

**লং আইল্যান্ড**

**সেইন্ট জেমস ফায়ারহাউজ, সাফোক কাউন্টি** - 1923 সালে প্রথম নির্মিত এবং লরেন্স স্মিথ বাটলারের নকশাকৃত এই আঞ্চলিক আর্টস এবং ক্র্যাফটস ধাঁচের স্বেচ্ছাসেবী ফায়ারহাউজটি স্মিথটাউন টাউনের সেইন্ট জেমস হ্যামলেট অবস্থিত। সেইন্ট জেমস ফায়ারহাউজটি সেইন্ট জেমস ঐতিহাসিক জেলার (NR তালিকাভুক্ত, 1973) অন্তর্গত এবং এই মনোনয়নটির উদ্দেশ্য হলো রেকর্ড আপডেট করা এবং গ্রামের মধ্যে এই ভবনকে এর নিজস্ব স্থাপত্য ও ঐতিহাসিক গুরুত্বের জন্য স্বীকৃতি দান করা। একশত বছর ধরে, এই ভবনটি একটি ফায়ারহাউজ এবং সম্প্রদায়ের জমায়েত হওয়ার স্থান হিসেবে কাজ করেছে। ফায়ারহাউজের মূল নকশা এবং পরবর্তী সম্প্রসারণসমূহ একটি লক্ষণীয়ভাবে সমন্বিত আর্টস এবং ক্র্যাফটস অনুপ্রেরণা প্রদর্শন করে, এবং এর কাঠামোর ভারসাম্য ও প্রতিসাম্যে বো আর্টস ধাঁচের ইঙ্গিত রয়েছে। এর স্থাপত্যের পাশাপাশি, ফায়ারহাউজটি সম্প্রদায়ে স্বেচ্ছাসেবক দমকল বিভাগ, অতি গুরুত্বপূর্ণ অগ্নি সুরক্ষা প্রদান করে এবং সামাজিক কর্মকাণ্ড ও বিনোদনের মাধ্যমে পারস্পরিক আস্থার প্রচার উভয় ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। ফায়ারহাউজের পাশাপাশি, মনোনয়নে 1972 কলোনিয়ান রিভাইভাল ধাঁচের গ্যারেজটি অন্তর্ভুক্ত, যা স্টোরেজ ও অফিস স্থান হিসাবে ব্যবহার করা হয়।

**মিড-হাডসন**

**অল সোলস চার্চ সামার ক্যাম্প ঐতিহাসিক জেলা, সালিভ্যান কাউন্টি** - দক্ষিণ ক্যাটস্কিল মাউন্টেন্সের লিবার্টি টাউনে অবস্থিত অল সোলস চার্চ সামার ক্যাম্পটি (All Souls' Church Summer Camp) 1954 সালে হার্লেমে কৃষ্ণাঙ্গ শিশুদের গ্রীষ্মকালীন ক্যাম্পের অভিজ্ঞতা প্রদানের জন্য স্থাপিত হয় যাদেরকে নিউ ইয়র্ক সিটিতে বসবাসরত শিশুদের জন্য উপলভ্য অন্যান্য গ্রীষ্মকালীন ক্যাম্প সুযোগ থেকে বাদ দেওয়া হতো বা সেগুলি তাদের সামর্থ্যের বাইরে ছিলো। অল সোলস চার্চের নেতৃত্বে পরিচালিত এবং দাতা ও ধর্মসভার দ্বারা বছরের পর বছর সমর্থিত ও বহাল রাখা ক্যাম্পটিতে এমন অনেক বৈশিষ্ট্য আছে যা সমসাময়িক অন্যান্য গ্রীষ্মকালীন ক্যাম্পে থাকতো, এটি নিউ ইয়র্ক সিটির শহুরে এলাকা থেকে অপেক্ষাকৃত কাছে, একটি পাহাড়পূর্ণ প্রাকৃতিক অবস্থায় অবস্থিত ছিলো এবং এটি আউটডোরের অভিজ্ঞতা গ্রহণের সুযোগ প্রদান করতো। ক্যাম্প কমপ্লেক্সটি প্রথমে একটি ফার্ম এবং পরে একটি ছোট গ্রামীণ পর্যটন রিসোর্ট ছিলো এবং এটি শহর থেকে বেড়াতে আসা মানুষের পরিবর্তনশীল চাহিদার ভিত্তিতে বৃদ্ধি পাওয়া ও বিকশিত হওয়া নিউ ইয়র্ক স্টেটের এই অংশের সম্পত্তির বিবর্তনের

একটি ভালো উদাহরণ। শিশুদের জন্য গ্রীষ্মকালীন একটি ক্যাম্প হিসেবে এই সাইটটি অভিযোজিত হয় এবং কার্যকারিতার বৈশিষ্ট্য যোগ করে যেমন একটি ডাইনিং হল, ক্র্যাফট ভবন, লাইব্রেরি, বাঙ্কহাউজ, দলীয় স্যানিটারি ফ্যাসিলিটি, অ্যাসেম্বলি এবং খেলার স্থান, একটি লেক, একটি সুইমিং পুল, এবং একটি ধর্মীয় ক্যাম্প হিসেবে একটি চ্যাপেল। সীমিত সংস্থানের একটি সংগঠন হিসেবে, বিদ্যমান একটি রিসোর্ট ফ্যাসিলিটি ক্রয় ও অভিযোজন ছিলো অল সোলস চার্চের জন্য একটি অর্থনৈতিক সিদ্ধান্ত এবং এটি এখনো সনাক্ত করা যায় এমন উদ্দেশ্যে তৈরি সম্পত্তির পুরোনো কিছু উপাদান টিকিয়ে রাখে।

**ওয়েবুটাক এগ্রিকালচারাল ভ্যালি ঐতিহাসিক জেলা, ডাচেস কাউন্টি (NY) এবং লিচফিল্ড কাউন্টি (CT)** - জেলাটি অ্যামেনিয়া টাউনে (NY) অবস্থিত যা শ্যারন টাউনের (CT) একটি ক্ষুদ্র অংশ। প্রায় বিশটি ফার্মস্টিড এবং তিনটি ক্ষুদ্র হ্যামলেট, লিডসভিল, অ্যামেনিয়া ইউনিয়ন, এবং সাউথ অ্যামেনিয়া নিয়ে গঠিত গ্রামীণ সম্প্রদায়টি হলো 3,800 একরের একটি জেলা যা 1735 সালে অ্যামেনিয়া ইউনিয়ন সেমেটারি (Amenia Union Cemetery) স্থাপিত হওয়ার পর থেকে ভ্যালির বিবর্তনশীল কৃষি ও সাংস্কৃতিক ইতিহাসের প্রতিনিধি। এই সময়কালের মধ্যে রয়েছে সেটেলমেন্ট, এলাকার কৃষি ও স্থাপত্য বিকাশ, ঊনবিংশ শতাব্দীর শেষের দিকের এবং বিংশ শতাব্দীর শুরুর দিকের গ্রামীণ ল্যান্ডস্কেপের রোমন্টিসাইজেশন এবং বিংশ শতাব্দীর কৃষির পতন ও পুনর্বাসন। জেলাটি অঞ্চলের কৃষি প্যাটার্নকে ধারণ করে, যা ছিলো এই সময়কালে গমভিত্তিক জীবিকানির্বাহের কৃষিকাজ থেকে দুগ্ধজাত পণ্য ভিত্তিক বাজারের জন্য কৃষিকাজে বিবর্তন হয় এবং এর পর আসে ঘোড়া, বৃক্ষ, এবং অর্গানিক পণ্যের মতো জিনিসের জন্য বিশিষ্ট সুশীল মজুত খামার। স্থাপত্যটি প্রায় দুইশত বছরের সেটেলমেন্টের প্রতিনিধি। পাশাপাশি, রোমান্টিক আন্দোলনের সেরা সময়ে জেলাটি কবি, লেখক, সাহিত্য সমালোচক, এবং প্রকৃতিবিদদের জন্য একটি অনুপ্রেরণা ও জমায়েত হওয়ার স্থান হিসেবে কাজ করতো। একটি দূরবর্তী গ্রামীণ সম্প্রদায় হিসেবে, ওয়েবুটাক ভ্যালি অগ্রগতি, পতন, এবং পুনর্বাসনের সময়কালের মধ্য দিয়ে গিয়েছে, এবং শহরের বাসিন্দাদের সাশ্রয়ী ও ঐতিহাসিক গ্রামীণ বেড়ানোর স্থান অনুসন্ধান শুরু করার ফলে এর সাম্প্রতিক পুনর্বাসনটি হয়েছে।

## <u>মোহক ভ্যালি</u>

**ব্যাটস ক্রিস্টিয়ান চার্চ, স্কোহারি কাউন্টি** - বর্তমানে ব্যাটস কনগ্রিগেশনাল ক্রিস্টিয়ান চার্চ নামে পরিচিত ব্যাটস ক্রিস্টিয়ান চার্চটি (The Bates Christian Church) ব্যাটসের ছোট হ্যামলেটে 1859 সালে নির্মিত হয়। স্কোহারি কাউন্টিতে এটি ঊনবিংশ শতাব্দীর গ্রামীণ ধর্মীয় স্থাপত্যের একটি অনন্য উদাহরণ এবং এর মিটিং হাউজের আকার ও সরলতার জন্য উল্লেখযোগ্য। গির্জাটি গ্রিক রিভাইভাল ধাঁচে নির্মিত হয়েছে, যা ব্যাটস এবং আশেপাশের হ্যামলেটগুলিতেও একটি প্রাধান্য পাওয়া স্থাপত্য ধাঁচ। হ্যামলেটের একমাত্র বিদ্যমান সম্প্রদায় ভবন হিসেবে, এটি স্থানীয় ও আঞ্চলিক ইতিহাসের জন্য গুরুত্বপূর্ণ।

**ক্যাম্প ভিরি, হারকাইমার কাউন্টি** - বিগ মুজ লেকের ইকো আইল্যান্ডের বনপূর্ণ ল্যান্ডস্কেপের মাঝে অবস্থিত ক্যাম্প ভিরির মূল ক্যাম্প, বোটহাউজ, এবং আইসহাউজ, সবকিছুই অ্যাডিরন্ড্যাকের রাস্টিক স্থাপত্যের ঐতিহ্যকে ধারণ করে। 1901 সালে ওসওয়েগোর ধনী ব্যবসায়ী থিওডোর পেজ কর্তৃক নির্মিত গ্রীষ্মকালীন ক্যাম্পটি হলো উনবিংশ শতাব্দীর শেষের

দিকের এবং বিংশ শতাব্দীর শুরুর দিকের নিউ ইয়র্কের অ্যাডিরন্ড্যাক অঞ্চলের ভ্যাকেশন হোমের ধাঁচের বৈশিষ্ট্যের প্রতিফলন করে, যা "গ্রেট ক্যাম্প" হিসেবে পরিচিত ছিলো। এধরনের ক্যাম্প দূরবর্তী অবস্থানে গোপনীয়তা সন্ধানী ধনী শহুরে মালিকদের মৌসুমি বিনোদনমূলক বেড়ানোর স্থান হিসেবে নির্মিত হতো এবং এগুলি ছিলো রুক্ষ বনভূমির মতো দেখতে কিন্তু তাদের উপাদান ও সাজসজ্জা দিয়ে নকশা করা। ক্যাম্প ভিরি হলো এই ধরনের কাঠামোর জন্য স্থাপত্যগত ও ঐতিহাসিকভাবে উল্লেখযোগ্য কিন্তু এছাড়াও এটি প্যালিসেড ধাঁচের নির্মাণের খুব ভালো একটি উদাহরণ যা পুরো বিগ মুজ লেক অঞ্চলে দেখা যেতো। 1875 থেকে 1905 পর্যন্ত এই উলম্ব হাফ লগ নির্মাণ প্রক্রিয়ায় ব্যবহার করে বিগ মুজ এবং টুইচেল লেকে পঞ্চাশটির বেশি ভবন নির্মিত হয়। এটি এমন সময় নির্মিত হয় যখন এলাকায় কোনও স মিল ছিলো না, নির্মাতারা লগকে অর্ধেক করে প্রান্তে বসিয়ে দেওয়াল তৈরি করতে পেরেছিলো, যা গতানুগতিক আনুভূমিক লগ কেবিনের তুলনায় আরো কার্যকর ও নিপুণ ছিলো। যদিও অ্যাডিরন্ড্যাক অঞ্চলে প্যালিসেড নির্মাণের উদাহরণ আছে, কিন্তু বিগ মুজ লেক হলো একমাত্র স্থান যেখানে এই ধরনের স্থাপত্য দ্বারা সংজ্ঞায়িত একটি সেটেলমেন্ট রয়েছে।

## নিউ ইয়র্ক সিটি

**কাসিটা রিঙ্কন ক্রিয়োলো, ব্রঙ্কস কাউন্টি,** নিউ ইয়র্ক সিটির পুয়ের্তো রিকান কাসিটা - কাসিটা রিঙ্কন ক্রিয়োলো (Casita Rincón Criollo) সাউথ ব্রঙ্কসের মেলরোজ এলাকার একটি ক্ষুদ্র সাংস্কৃতিক ল্যান্ডস্কেপ। প্রথমে 1976 সালের দিকে তৈরি, বর্তমানে নিউ ইয়র্ক সিটি পার্কস বিভাগের মালিকানাধীন এটি 2006 সালে স্থানান্তর করা হয় এবং এটি প্রতিষ্ঠাতা ও বিখ্যাত মাস্টার কাসিটা নির্মাতা হোসে ম্যানুয়েলের "চেমা" সোটো (1945-2015) নামানুসারে "লা কাসিটা ডে চেমা" নামে পরিচিত। এর নতুন অবস্থানে, কাসিটা রিঙ্কন ক্রিয়োলো হলো শহরের সর্বপ্রাচীন, সর্ববৃহৎ, এবং সবথেকে দীর্ঘসময় টিকে থাকা কাসিটাগুলির একটি। এই সাইটে রয়েছে একটি কেন্দ্রীয়ভাবে অবস্থিত দুই কক্ষের কাসিটা বাড়ি যা কৃত্রিম টার্ফ, পনেরটির বেশি উত্থিত বাগানের বেড, একটি কাঠের মঞ্চ, একটি ছাউনি, এবং একটি অর্ধেক ঘেরাও করা ফোগন (রান্নাঘর) দ্বারা পরিবেষ্টিত। এর অনেক উদ্ভিদ পুয়ের্তো রিকোর প্রাণিজগতকে উদ্দীপিত করার জন্য চাষ করা হয়েছে। পাশাপাশি, এটিকে নিউ ইয়র্ক সিটির ঐতিহ্যবাহী পুয়ের্তো রিকান সঙ্গীতের কেন্দ্র হিসেবে গণ্য করা হয় এবং দুইটি ঐতিহ্যবাহী পুয়ের্তো রিকান সঙ্গীতের ধারা, বম্বা ও প্লেনার চর্চা হওয়ার রেনেসাঁর কেন্দ্রগুলির মধ্যে এটি সবথেকে গুরুত্বপূর্ণ। কাসিটা হলো সাম্প্রতিক জরিপে সনাক্ত হওয়া 28টির একটি। জাতি পার্ক সেবা থেকে পাওয়া স্বল্প প্রতিনিধিত্বের সম্প্রদায় অনুদান দ্বারা অর্থায়িত মাল্টিপল প্রোপার্টি ডকুমেন্টের সাথে সংশ্লিষ্ট এই জরিপটি জাতীয় নিবন্ধন তালিকায় নিউ ইয়র্কের পুয়ের্তো রিকান ইতিহাসের সাথে সংশ্লিষ্ট সাইটগুলির প্রতিনিধিত্ব বৃদ্ধি করতে উল্লেখযোগ্য পরিমাণ সাহায্য করবে।

## নর্থ কান্ট্রি

**হাফওয়ে হাউজ, সেইন্ট লরেন্স কাউন্টি** - ফুট-লেগ-স্টকিং ট্যাভার্ন নামেও পরিচিত হাফওয়ে হাউজটি (Halfway House) 1807 এর দিকে লিসবন টাউনে ক্যান্টন ও ওগডেন্সবার্গের মধ্যকার মেইল ডেলিভারির ব্যবস্থা করার জন্য নির্মিত হয়েছিলো। একটি গুরুত্বপূর্ণ স্টেজকোচ রুটে অবস্থিত হয়ে এটি ছিলো বণিক, ভ্রমণকারী, এবং বাসিন্দাদের জন্য অত্যাবশ্যকীয় একটি

বাণিজ্যিক ও সামাজিক কেন্দ্র এবং এটি গির্জার সার্ভিস, রাজনৈতিক জমায়েত, আদালতের প্রক্রিয়া, নাচ, ইত্যাদির স্থান হিসেবেও ব্যবহৃত হতো। ভবনের স্থাপত্যে ফেডারেল ধাঁচের অনুপ্রেরণার প্রতিফলন দেখা যায়, এটি 1780 থেকে 1830 পর্যন্ত আমেরিকান স্থাপত্য ল্যান্ডস্কেপে প্রাধান্য পাওয়া একটি ধাঁচ, এবং নির্মাতা স্টিলম্যান ফুটের নকশা করা কাঠামোর জন্য স্বাভাবিক। অভ্যন্তরে দৃঢ় ফেডারেল বিস্তারিত রয়েছে যেমন লেআউট, ওয়েন্সকট, কাঠের প্যানেল, ট্রিম এবং ফিনিশ। একটি আকর্ষণীয় স্থাপত্য বৈশিষ্ট্য হলো চলমান প্লেট এবং বহুভুজীয় রিজ বিমসহ হাতে কাটা বাঁকানো পার্লিন পোস্ট ফ্রেমিং, যা সেই সময়ে ওয়েস্টার্ন ও নর্দার্ন নিউ ইয়র্কে নির্মিত বাড়ির জন্য অস্বাভাবিক ফ্রেমিং ব্যবস্থা। হাফওয়ে হাউজটি আবাসিক এবং "পাবলিক হাউজের" সম্মিলনের একটি বিরল টিকে থাকা উদাহরণ যা বাড়ি থেকে মেইল স্টপ থেকে ট্যাভার্ন থেকে আবাসিকের বিবর্তনকে প্রতিফলিত করে।

**কেসেল পার্ক ইন, এসেক্স কাউন্টি** - পোর্ট ডগলাসের লেক চ্যামপ্লেইনের পশ্চিম তীরে অবস্থিত কেসেল পার্ক ইন (Kessel Park Inn) হলো বিংশ শতাব্দীর শুরুর দিকের চলচ্চিত্র প্রযোজক অ্যাডাম কেসেল জুনিয়রের সাথে সম্পর্কিত একটি ঐতিহাসিক সম্পত্তি, যেখানে আছে একটি মূল বাসা, ক্যারেজ হাউজ (বর্তমানে বেসরকারি আবাস), আইস হাউজ/হেন হাউজ (বর্তমানে বেসরকারি আবাস), পাম্প হাউজ, এবং ধাতব সাইনেজ টাওয়ার। কেসেল 1912 সালে এটি ক্রয় করেন এবং 1946 সালে মৃত্যুর আগ পর্যন্ত এটিকে তার প্রধান বাড়ি হিসেবে ব্যবহার করেন। যদিও কেসেল এবং তার পরিবার ক্র্যাফটসম্যান অনুপ্রাণিত কেসেল পার্ক ইনে সারা বছর থাকতেন না, সম্ভব বছরের বেশির ভাগ সময় তারা এখানে বাস করতেন এবং তিনি এই সম্পত্তি থেকেই তার ব্যবসার কাজ করতেন। 1909 থেকে 1920 পর্যন্ত অ্যাডাম কেসেল জুনিয়র সক্রিয়ভাবে ফিল্ম তৈরিতে নিযুক্ত ছিলেন এবং মার্কিন যুক্তরাষ্ট্রের ফিল্ম ইন্ডাস্ট্রির শুরুর দিকে তার অবদান উল্লেখযোগ্য: তিনি শুরুর দিকের অগণিত স্টুডিও স্থাপন ও অংশীদারিত্ব করেন, ইউনিভার্সাল পিকচার্সের (যা পরে ইউনিভার্সাল স্টুডিওস (Universal Studios) হয়) মতো কোম্পানির প্রতিষ্ঠাতা পরিচালক হিসেবে কাজ করেছেন; চার্লি চ্যাপলিনসহ ফিল্মের শুরুর দিকের মহানতম অভিনেতাদের কয়েকজনকে সুযোগ প্রদান করেছেন; জনপ্রিয় কমেডি ও ওয়েস্টার্ন ধারার পথিকৃৎ ছিলেন; ফিল্মের প্রযুক্তি, এডিটিং, এবং প্রযোজনাকে করেছেন; এবং বড় স্বতন্ত্র ফিল্ম পোস্টার তৈরি ও বিতরণের কাজ শুরু করেছেন যা এখন পর্যন্ত ফিল্ম বিজ্ঞাপনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

**<u>সাউদার্ন টিয়ার</u>**

**হ্যামোন্ডসপোর্ট গ্রাম ঐতিহাসিক জেলা, স্টুবেন কাউন্টি** - হ্যামোন্ডসপোর্ট গ্রাম ঐতিহাসিক জেলা (Village of Hammondsport Historic District) হলো 1823 থেকে 1975 এর মধ্যকার প্রায় 450টি স্থাপত্যগতভাবে অক্ষত সংস্থানের সমন্বিত সংগ্রহ, যার মধ্যে রয়েছে ভিক্টরিয়ান, কুইন অ্যান, ক্লাসিক্যাল রিভাইভাল, এবং ক্র্যাফটসম্যান ধাঁচের প্রতিফলনকারী সম্পদ এবং সেই সাথে আমেরিকান ফোরস্কয়ার নকশার কিট হোম। ফিঙ্গার লেকস অঞ্চলের কেউকা লেকে অবস্থিত গ্রামের ইতিহাসটি ইরি ক্যানাল এবং ঐতিহাসিক ওয়াইন শিল্পখাতের ইতিহাসের সাথে নিবিড়ভাবে সংযুক্ত, উভয়ের সূচনা 1820 দশকে। এলাকার ওয়াইন উৎপাদনের ইতিহাসের কথা উল্লেখ হিসেবে ওয়াইন ও আঙ্গুর মোটিফের একটি সাধারণ ভিজুয়াল থিম রয়েছে এবং এখন পর্যন্ত অব্যাহত থাকা গ্রামটির পর্যটন শিল্পখাতের প্রতিফলন রয়েছে। এছাড়াও

গ্রামটি হ্যামোন্ডসপোর্ট স্থানীয় গ্লেন H. কার্টিসের আকাশযান পরিমার্জন ও উৎপাদনের জন্য একটি প্রস্তুতকারক সাইট ছিলো। 1911 সালে প্রথম সিপ্লেন বিকাশ ও সফলভাবে পরীক্ষা করার কৃতিত্ব কার্টিসকে প্রদান করা হয়। 1910-1916 সালের মধ্যে কার্টিস এয়ারক্রাফট কর্পোরেশন (Curtiss Aircraft Corporation) লেক কেউকাতে এর আকাশযানের পরীক্ষামূলক উড্ডয়ন করাতো এবং পরীক্ষার পাইলটদের স্থানীয়ভাবে প্রশিক্ষণ প্রদানের জন্য একটি ফ্লাইট স্কুল স্থাপন করা হয়েছিলো। গ্রামটির ওয়াইন ও এভিয়েশন উভয় শিল্পখাতই নিউ ইয়র্কের অর্থনীতিতে ব্যাপক প্রভাব রাখে এবং আমেরিকান চাষাবাদ, শিল্পখাত, এবং সামরিক ইতিহাসে উল্লেখযোগ্য অবদান রেখেছে।

## <u>ওয়েস্টার্ন নিউ ইয়র্ক</u>

**DL&W ট্রেইন শেড, ইরি কাউন্টি** - ডেলাওয়্যার, লাকাওয়ানা এবং ওয়েস্টার্ন (Delaware, Lackawanna, and Western, DL&W) ট্রেইন শেড একটি লম্বা, চিকন, আয়তাকার ডাবল-ডেকে ট্রেইন শেড যা 1917 সালে ডাউনটাউন বাফেলোর একটি ঘনবসতিপূর্ণ বাণিজ্যিক জেলায় অবস্থিত একটি চার ভবনের রেলরোড টার্মিনাল কমপ্লেক্সের অংশ হিসেবে নির্মিত হয়েছিলো। শেডটি সেই কমপ্লেক্সের টিকে থাকা একমাত্র কাঠামো এবং এটি শুধু নিউ ইয়র্ক স্টেটের লিঙ্কন বুশ ধাঁচের ট্রেইন শেডের একটি বিরল উদাহরণ নয়, বরং এটি পুরো দেশে বিদ্যমান কাঠামোর সর্বপ্রাচীন উদাহরণও। 1905 সালে পেটেন্ট পাওয়া বুশ ট্রেইন শেডটি বিশাল বিস্তৃত কাছের ট্রেইন শেডের একটি বিকল্প প্রদান করে যেখানে ট্রেনের উপরের ধোঁয়া নিঃসরণের জন্য একটি ছাদের উপরের এক্সস্ট সিস্টেম নকশা করা হয়েছিলো যা ভবনটির জীবনকাল বৃদ্ধি করতে সাহায্য করেছে, রক্ষণাবেক্ষণের ব্যয় হ্রাস করেছে, এবং যাত্রীদের জন্য বাতাসের মান উন্নত করেছে। নকশাটি বিংশ শতাব্দীর রেলরোড ফ্যাসিলিটি প্রযুক্তির একটি গুরুত্বপূর্ণ বিকাশ এবং এটি রিইনফোর্সড কংক্রিট ও স্টিলের উদ্ভাবনী ব্যবহারের প্রতিনিধিত্ব করে। 1982 সালে মার্কিন যুক্তরাষ্ট্রের অভ্যন্তর বিভাগের (U.S. Department of the Interior) দ্বারা DL&W ট্রেইন শেডটি জাতীয় নিবন্ধন তালিকার জন্য উপযুক্ত হিসেবে নির্ধারিত হয়। বর্তমানে, ভবনটির ফার্স্ট ফ্লোরে নায়াগ্রা ফ্রন্টিয়ার পরিবহন কর্তৃপক্ষের (Niagara Frontier Transportation Authority, NFTA) জন্য হালকা রেলের ট্রেইন রাখার স্থান রয়েছে।

**লেকউড ভিলেজ হল, শ্যাটাকোয়া কাউন্টি** - অ্যান্থনি সি. ক্যাপ্রিনো মিউনিসিপ্যাল বিল্ডিং নামেও পরিচিত লেকউড ভিলেজ হলটি (Lakewood Village Hall) প্রথম 1915 সালে নির্মিত একটি মডেস্ট ক্র্যাফটসম্যান ধাঁচের মিউনিসিপ্যাল ভবন। ভবনটি উল্লেখযোগ্য লেকউডের সিভিক ও মিউনিসিপ্যাল সেবার প্রতিষ্ঠা ও সম্প্রসারণের সাথে এর সংশ্লিষ্টতার জন্য, যার মধ্যে রয়েছে প্রায় আশি বছর ধরে লেকউড দমকল বিভাগের ঘর হিসেবে কাজ করা,এ ছাড়াও এটি সম্প্রদায়ের বৈঠকে ও ইভেন্ট আয়োজনের স্থান হিসেবে ব্যবহৃত হয়েছে। একশ বছরের বেশি সময় ধরে ব্যবহার হওয়া ভবনটিকে সম্প্রদায়ের পরিবর্তনশীল চাহিদা অনুযায়ী সংস্কার ও এর সাথে সংযোজন করা হয়েছে। বেড়াতে আসা মানুষদের একটি অস্থায়ী গন্তব্য থেকে বিংশ শতাব্দীর একটি আনুষ্ঠানিকভাবে প্রতিষ্ঠিত সবার্বান এনক্লেভ হিসেবে গ্রামের বিবর্তনকে এটি প্রতিফলিত করে। বর্তমানে ভবনটিতে সরকারি অফিস, লেকউড পুলিশ বিভাগ (Lakewood Police Department), এবং লেকউড ইতিহাস জাদুঘর (Lakewood History Museum) রয়েছে।

**আওয়ার লেডি অফ ভিক্টরি রোমান ক্যাথোলিক চার্চ ঐতিহাসিক জেলা, ইরি কাউন্টি** - ল্যাকাওয়ানার আওয়ার লেডি অফ ভিক্টরি রোমান ক্যাথোলিক চার্চ ঐতিহাসিক জেলা (Our Lady of Victory Roman Catholic Church Historic District) (সাধারণভাবে OLV পরিচিত) একটি বড়, ঐতিহাসিকভাবে সংশ্লিষ্ট বারোটি অবদানকারী সংস্থান, ধর্মীয়, শিক্ষামূলক, অফিস, মেডিকেল এবং অন্যান্য ভবনের একটি কমপ্লেক্স, যা 1857 এবং 1978 এর মাঝে পর্যায়ক্রমে নির্মিত হয়েছে। আওয়ার লেডি অফ ভিক্টরি ব্যাসিলিকা জেলাটির কেন্দ্র গঠন করে এবং বার্ষিক কয়েক হাজার পর্যটককে আকৃষ্ট করে, এটি একটি দুর্দান্ত, বিশাল, বো আর্টস ধাঁচের গির্জা যা আকার, মাত্রা, ধরণ, এবং জাঁকজমকের দিক থেকে ওয়েস্টের নিউ ইয়র্কে অতুলনীয়। 1921 থেকে 1926 এর মধ্যে নির্মিত ভবনটি বিশদ ব্যারাক অনুপ্রাণিত ম্যুরাল, ভাস্কর্য, এবং রঙিন স্টেইনড কাঁচ দিয়ে সজ্জিত করা হয়েছে। ব্যাসিলিকার নির্মাণের নেতৃত্ব দিয়েছেন ফাদার নেলসন এইচ. বেকার, যিনি 1882 সালে প্যারিশের নেতৃত্ব গ্রহণের পর একটি বিদ্যমান অনাথাশ্রমকে ঢেলে সাজান ও সম্প্রসারিত করেন এবং একটি হাসপাতাল ও প্রাথমিক স্কুল স্থাপন করার প্রয়াসের নেতৃত্ব দান করেন। স্থানীয়ভাবে "গরিবদের পিতা" হিসেবে পরিচিত ফাদার বেকার ওয়েস্টার্ন নিউ ইয়র্কের সামাজিক ও ধর্মীয় ইতিহাসের একজন মুখ্য স্থানীয় ব্যক্তি ছিলেন এবং তিনি পুরো মার্কিন যুক্তরাষ্ট্রের ক্যাথোলিক সম্প্রদায়গুলিতে পরিচিত ছিলেন। 2011 সালে পোপ বেনেডিক্ট XVI তাকে ভেনারেবল আখ্যা দেন যার থেকে রোমান ক্যাথোলিক চার্চে (Roman Catholic Church) সেইন্টহুড মাত্র এক ধাপ দূরে। OLV ঐতিহাসিক জেলার নানাধরনের ভবনের কার্যকারিতা ও স্থাপত্যের ধাঁচ বর্তমানে মুখ্য ধর্মীয় প্রতিষ্ঠানের বিবর্তনের প্রতিনিধিত্ব করে যেহেতু এটিকে সময়ের সাথে প্যারিশনারদের ও সামগ্রিকভাবে সম্প্রদায়ের চাহিদা পূরণের জন্য অভিযোজন করা হয়েছে।

**উড অ্যান্ড ব্রুকস কোম্পানি ফ্যাক্টরি কমপ্লেক্স, ইরি কাউন্টি** - উড অ্যান্ড ব্রুকস কোম্পানি ফ্যাক্টরিটি (Wood and Brooks Company Factory) হলো টোনাওয়ান্ডা টাউনে চার ভবনের একটি কমপ্লেক্স যেখানে মূল কারখানা, আইভরি ভল্ট, লাম্বার স্টোরেজ ভবন, এবং গ্যারেজ রয়েছে। ফ্যাক্টরির অবস্থানের কারণে এটি বৈদ্যুতিক শক্তি, রেল পরিবহন, এবং কর্মীদের নিকটবর্তী অ্যাক্সেস প্রদান করতো, এর সবকিছুর ফলে উড অ্যান্ড ব্রুকস যে পরিচালনা সুবিধা পে তা এর দ্রুত বিকাশের কারণ। উড অ্যান্ড ব্রুকস মার্কিন যুক্তরাষ্ট্রে আইভরি পিয়ানো কী এবং অ্যাকশনের সবথেকে বেশি গুরুত্বপূর্ণ প্রস্তুতকারকদের একটি হয়ে উঠে এবং দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় ল্যান্ডিং ক্র্যাফট ভেহিকল পার্সোনেলের (Landing Craft Vehicle Personnel, LCVP) সামরিক উৎপাদনের একজন সাবকন্ট্রাক্টর হিসেবে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। কারখানাটি হলো বিংশ শতাব্দীর প্রথম দিকের নকশা করা ও নির্মিত উৎপাদন ফ্যাসিলিটিসমূহের একটি অক্ষত প্রতিনিধি এবং এটি বিবর্তনশীল শিল্পখাতের স্থাপত্য এবং প্রকৌশল ট্রেন্ডের একটি ভালো উদাহরণ। 1902 সালের প্রাথমিক নির্মাণ এবং পরবর্তী ছয় দশকে অনুবর্তী সম্প্রসারণের পর কারখানাতে রয়েছে প্রারম্ভিক পোস্ট ও বিম মিল ধাঁচের ভবন এবং সেই সাথে রিইনফোর্সড কংক্রিট নির্মাণের উদাহরণ, উভয়েই প্রস্তুতকারক ফ্যাসিলিটির প্রয়োজনীয় একটি পরিবেশ তৈরিতে সাহায্য করেছে: অগ্নিকাণ্ড প্রতিরোধ ও দমন করার জন্য নকশা করা বৈশিষ্ট্য, একটি মজবুত উন্মুক্ত পরিকল্পনা, দিনের আলোর উচ্চ মাত্রা, এবং প্রাকৃতিক বায়ু চলাচলের ব্যবস্থা। ফ্যাক্টরি কমপ্লেক্সের রিইনফোর্সড কংক্রিট সংযোজন নির্মাণ করেছেন টার্নার কনস্ট্রাকশনের (Turner Construction) H.C. টার্নার, এটি বিংশ শতাব্দীর শুরুর দিকে নর্থইস্টের বহুতল রিইনফোর্সড কংক্রিট ভবন ও কাঠামোর একটি পথিকৃৎ।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন